বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৯৩

তারিখঃ ২১ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৩১ তম কমিশন সভা অদ্য ০৫/০৭/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়েছেঃ

১. ওয়ান ব্যাংক লিমিটেড এর ৪০০ (চারশত) কোটি টাকার Unsecured, Non-convertible, BASEL III compliant, Perpetual Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Unsecured, Non-convertible, Floating rate, Perpetual Bond যার কুপন হার ১১%-১৪%। Perpetual বন্ডটি সরকারি আর্থিক প্রতিষ্ঠান, মিউচ্যুয়াল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট, স্বায়ত্তশাসিত কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ওয়ান ব্যাংক লিমিটেড এর Additional Tier-I Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ (দশ) লক্ষ টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং লীড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে ইবিএল ইনভেস্টমেন্টস লিঃ এবং সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেড কাজ করছে।

২. মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড এর ৪০০ (চারশত) কোটি টাকার Unsecured, Non-convertible, BASEL III compliant, Perpetual Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Unsecured, Non-convertible, Floating rate, Perpetual Bond যার কুপন হার ১১%-১৪%। Perpetual বন্ডটি সরকারি আর্থিক প্রতিষ্ঠান, মিউচ্যুয়াল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট, স্বায়ত্তশাসিত কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে মিউচ্যুয়ার ট্রাস্ট ব্যাংক লিমিটেড এর Additional Tier-I Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ (দশ) লক্ষ টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং লীড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে ইবিএল ইনভেস্টমেন্টস লিঃ এবং সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেড ও এমটিবি ক্যাপিটাল লিঃ কাজ করছে।

৩. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত সকল Perpetual Bond কে লেনদেনযোগ্য সিকিউরিটিজ হিসেবে স্টক এক্সচেঞ্জের মূল প্লাটফর্মে তালিকাভূক্ত করতে হবে মর্মে কমিশন আজকের সভায় সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই লক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন মূল প্লাটফর্মে তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় বিধি বিধান প্রণয়ন করবে।

05/07/2020
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।